# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৩৪) ভীতিকালীন সালাত - মুসলিম ও আল্লাহর শত্রু কাফিরদের মুখোমুখী হওয়ার সময় ভীতির বিবরণ

## 34 ـ بَابُ صَلَاةِ الْخَوْفِ ـ ذِكْرُ وَصْفِ الْخَوْفِ عِنْدَ الْتِقَاءِ الْمُسْلِمِينَ وَأَعْدَاءِ الله الكفرة

আরবী

2857 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ بُكَيْرِ بْنِ الْأَخْنَسِ عَنْ مُجَاهِدٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: فَرَضَ اللَّهُ جَلَّ وَعَلَا الصَّلَاةَ عَلَى لِسَانِ نَبِيِّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْحَضَرِ أَرْبَعًا وَفِي السفر ركعتين وفي الخوف ركعة.

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2857 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1134): م.

বাংলা

২৮৫৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “মহান আল্লাহ তোমাদের নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জবানীতে মুকীম অবস্থায় চার রাকা‘আত, সফর অবস্থায় দুই রাকা‘আত আর ভীতিকালীন সময়ে এক রাকা‘আত ফরয করেছেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৮৭; নাসাঈ: ৩/১৬৮-১৬৯; মুসনাদ আহমাদ: ১/২৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬৪; আবূ দাউদ: ১২৪৭; তাহাবী: ১/৩০৯; সহীহ খুযাইমাহ: ১৩৪৬; তাবারানী: ১১/১১০৪৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92187

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন